যুগান্তর

তারিখ 5 FEB 2009
পৃষ্ঠা ১৬ কলাম ৫

# ব্র্যাকের আদলে ভারতে শিক্ষা কর্মসূচি করতে চান প্রিয়াঙ্কা



মহাখালী প্রধান কার্যালয়ে বুধবার ব্র্যাকের চেয়ারপারসন ফজলে হাসান আবেদের সঙ্গে সাক্ষাৎকালে ভারতের ক্ষমতাসীন কংগ্রেসের সভানেত্রী সোনিয়া গান্ধীর মেয়ে প্রিয়াঙ্কা গান্ধী

কূটনৈতিক রিপোর্টার

ভারতের প্রয়াত প্রধানমন্ত্রী রাজিব গান্ধী ও কংগ্রেস প্রধান সোনিয়া গান্ধীর কন্যা প্রিয়াঙ্কা গান্ধী বাংলাদেশে দু'দিনের সফর শেষে বুধবার ঢাকা ত্যাগ করেছেন। দুপুর সাড়ে ১২টায় তিনি ঢাকা ত্যাগের আগে সকালে ব্র্যাকের প্রতিষ্ঠাতা ফজলে হাসান আবেদের সঙ্গে বৈঠক করেন। সেখানে তিনি ব্র্যাকের কার্যক্রম সম্পর্কে অবহিত হন। এসময় প্রিয়াঙ্কা গান্ধী ব্র্যাকের উপানুষ্ঠানিক শিক্ষা কার্যক্রম

আদলে : পৃষ্ঠা ১০ : কলাম ১

## আদলে : ব্র্যাকের

(১৬ পৃষ্ঠার পর)

দেখে অভিভূত হওয়ার কথা বর্ণনা করে বলেন, ভারতে তিনি এ ধরনের কর্মসূচি চালুর চেষ্টা করবেন।

ব্র্যাক এক সংবাদ বিজ্ঞপ্তিতে জানায়, প্রিয়াঙ্কা গান্ধী ভাদরা সকালে মহাখালীতে প্রধান কার্যালয়ে ব্র্যাকের চেয়ারপারসন ফজলে হাসান আবেদের সঙ্গে ব্র্যাকের সহযোগিতায় ভারতে উপানুষ্ঠানিক শিক্ষা চালু করার বিভিন্ন দিক নিয়ে কথা বলেন। আবেদ ভারতে পাইলটভিত্তিতে কিছু স্কুল কর্মসূচি চালু করার প্রস্তাব দেন। তার আগে প্রিয়াঙ্কা শিক্ষা কর্মসূচির কর্মকর্তাদের সঙ্গে আনুষ্ঠানিক বৈঠক করেন। এক ঘণ্টাব্যাপী বৈঠকে তিনি ব্র্যাকের উপানুষ্ঠানিক শিক্ষা কর্মসূচি ভারতের জন্য উপযোগী উপাদানগুলো চিহ্নিত করার ওপর জোর দেন। এসময় তার সঙ্গে ছিলেন রাজীব গান্ধী ফাউন্ডেশনের সেক্রেটারি জ্ঞানেন্দ্র বাডগাইয়া ও প্রশিক্ষক সোনিয়া ফিলিপ। ব্র্যাকের প্রতিনিধি দলে নেতৃত্ব দেন নির্বাহী পরিচালক ড. মাহবুব হোসেন। অন্যান্যের মধ্যে এসময় উপস্থিত ছিলেন শিক্ষা কর্মসূচির পরিচালক শফিকুল ইসলাম ও শিক্ষা ইন্সটিটিউটের পরিচালক ইরাম মরিয়াম, ড. [illegible]

পরে সাংবাদিকদের জানান, ভারতীয় প্রতিনিধি দল তাদের দেশে ব্র্যাকের শিক্ষা কর্মসূচি চালু করতে চায়। প্রাথমিকভাবে তারা পরীক্ষামূলকভাবে তা করার ব্যাপারে আশাবাদী।